

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
সখিপুর,টাংগাইল।

স্মারক নং- ওমবিঅ/সখি/টাং/ ২৪৬

তারিখ : ২০/০৭/২০

বিষয় : উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভা আহ্বান প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ০৫.৩০.৯৩৮৫.০০০.০৭.০০১.১২-৪৩৯(২৫) তারিখ : ২৮.০৯.২০১৪ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা আগামী ২৫/০৭/২০ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনি একজন সম্মানিত সদস্য।

আপনাকে যথাসময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হল।

প্রাপক :(সদস্য),

.....

সখিপুর, টাংগাইল।


(ফিরোজা আজার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
সখিপুর, টাংগাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর,টাংগাইল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাংগাইল।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাংগাইল।
- ০৪। অফিস কপি।

জাহানারা
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সখিপুর, টাংগাইল।

স্থান : সভাপতি মহোদয়ের কার্যালয়।

তারিখ : ২৬/১০/২০২১ খ্রিঃ।

বেলা - ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" এ দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সকল সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করে সদস্য সচিব/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার কার্যালয়ের মাধ্যমে উপস্থিত কার্যক্রমের সার্বিক অবস্থান সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানান।

আলোচনা - ০১ : কমিটির সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাঁর কার্যালয়ের মাধ্যমে পরিচালিত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম সমূহ সভায় উপস্থাপন করেন এবং কার্যক্রম সমূহ বাস্তবায়নের সার্বিক দিক সমূহ তুলে ধরেন। যেমন- ভিজিডি কার্যক্রম, ক্ষুদ্রঋণ কার্যক্রম, দরিদ্র ম'ার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান, কর্মজীবী ল্যাকটোটিং মাদার সহায়তা তহবিল, W.T.C এর আধুনিক দর্জি বিজ্ঞান ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং 'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ' প্রকল্পের চলমান ২টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রমসহ প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম সমূহ। এছাড়াও কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম বিগত ফেব্রুয়ারী/২০ মাস হতে উপস্থাপন ৪টি কেন্দ্রের প্রশিক্ষণ শুরু হয়েছে। উপস্থাপিত প্রতিটি কার্যক্রম সমূহের উপর আলোচনা-পর্যালোচনা করা হয় এবং সকলেই তা সমর্থন করেন তবে কোভিড -১৯ মহামারী ভাইরাসের কারণে কর্তৃপক্ষের নির্দেশে প্রশিক্ষণ সমূহ বন্ধ আছে।

আলোচনান্তে সভাপতি মহোদয় সভায় জানান যে, আলোচ্য কমিটি সকল উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়নে মহিলা বিষয়ক কর্মকর্তার সার্বিক সহযোগিতা প্রদানসহ সঠিক দিক নির্দেশনা এবং সুপারিশ প্রদানে ভূমিকা রাখবে। এছাড়াও W.T.C এর আধুনিক দর্জি বিজ্ঞান ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমকে আরও গতিশীল ও প্রশিক্ষনার্থীদের উৎসাহিত করতে ভূমিকা রাখবে। ২০২০-২০২১ অর্থ বছরের প্রশিক্ষণ কার্যক্রম কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়া গেলে শুরু করা হবে। এ ব্যাপারে উপস্থিত সকলেই একমত পোষন করেন এবং সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহন করেন।

সিদ্ধান্ত : আলোচ্য কমিটি প্রতি ০২ মাস অন্তর সভা আহ্বান করবে এবং সংশিষ্ট কার্যক্রম সমূহ বাস্তবায়নের কোন সুপারিশ থাকলে তা আলোচনা সাপেক্ষে সমাধান করার বিষয়ে পরবর্তী সভায় সিদ্ধান্ত গৃহিত হবে।

আলোচনা - ০২ : সভাপতি মহোদয় সভায় জানান যে, নারী উন্নয়ন মূলক কর্মসূচী বা নারীদের সচেনতা বৃদ্ধির জন্য উপজেলা এডিপি বাজেট বরাদ্দ হতে চলতি ২০২০-২০২১ অর্থ বছরে কিশোর কিশোরীদের নিয়ে করোনো প্রতিরোধসহ বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান/উঠান বৈঠকের নিমিত্তে প্রকল্প প্রাক্কলন প্রস্তুত করে তা অনুমোদনের জন্য উপজেলা এডিপি প্রকল্প বাস্তবায়ন কমিটিতে দাখিল করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সভাপতি মহোদয়কে মাসিক সমন্বয় সভায় উল্লেখিত বিষয়ে প্রস্তাব উপস্থাপন করার জন্য সর্বসম্মতিক্রমে তা গৃহিত হয়।

সিদ্ধান্ত : আলোচ্য কমিটির মাধ্যমে মহিলাদেরকে আত্র-কর্মসংস্থান মূলক এবং সচেনতা বৃদ্ধির জন্য উপজেলা এডিপি হতে প্রকল্প গ্রহন করে প্রকল্প প্রাক্কলন প্রস্তুত করে তা দাখিল, উপস্থাপন ও বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জাহানারা
২৬/১০/২০২১
(জাহানারা)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
সখিপুর, টাংগাইল।